গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
বরগুনা সদর, বরগুনা।

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোসা: শামীমা সুলতানা মুন্নী
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
সভার স্থান: উপজেলা পরিষদ কার্যালয়, বরগুনা সদর, বরগুনা।
তারিখ: ০৬ অক্টোবর ২০২১, বুধবার ।
গময় : ১১.০০ ঘটিকায়।

উপস্থিতির স্বাক্ষর : পরিশিষ্ট ক দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: তিনি উপজেলা শিক্ষা কর্মকর্তা, বরগুনা সদর, মহোদয়কে সভা পরিচালনার দায়িত্ব অর্পন করেন। উপজেলা শিক্ষা কর্মকর্তা বরগুনা সদর গত সভার রেজুলেশন পাঠ করে শোনান এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়ীকরণ করা হয়। অতপর সভায় নিম্নোক্ত বিষয়গুলি নিয়ে বিশদভাবে আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়নে
১	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।	উপজেলা শিক্ষা অফিসার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।	কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত ও দৃঢ়ী করা হয়।
২	বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ প্রসঙ্গে।	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, অত্র উপজেলার ২২৭টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৩৫টি বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নেই। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে এবং মাল্টিমিডিয়া ক্লাস বাস্তবায়নের জন্য যা অন্তরায়।	বিদ্যুৎবিহীন ৩৫টি বিদ্যালয়ের বিদ্যুৎ সংযোগের পরিস্তিতি অর্থাৎ কয়টি খুটি লাগবে বা কি ধরণের ব্যবস্থা নিতে হবে ইত্যাদি উল্লেখ করে বরগুনা পল্লীবিদ্যুতায়ন বোর্ডের নিকট সমন্বিত আবেদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, বরগুনা সদর।
৩	এসএমসি ও পিটিএ সক্রিয়করণ।	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রতি বিদ্যালয়ে ১১ সদস্যবিশিষ্ট বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি) এবং ১০ সদস্য বিশিষ্ট শিক্ষক অভিভাবক সমিতি (পিটিএ) রয়েছে। কিন্তু উক্ত কমিটির সভায় সদস্যদের উপস্থিতি ও বিদ্যালয়ের প্রতি অবদান উল্লেখযোগ্য নয়।	গণসচেতনতা সৃষ্টি করার জন্য সকল ইউপি সদস্য যিনি এসএমসিরও সদস্য এবং ইউপি চেয়ারম্যানবৃন্দকে এ বিষয়ে উদ্যোগ নেওয়ার পরামর্শ প্রদান করা। বাস্তবায়নে: অভিভাবকবৃন্দ, পিটিএ, এসএমসি, ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ।

উল্লিখিত বিষয়সমূহ উপজেলা পরিষদের সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
বিবিধ পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

মোসা: শামীমা সুলতানা মুন্নী
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
বরগুনা সদর, বরগুনা
০৭-১০-২১

স্মারক নংঃ ৪৪২/১

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা।
২. উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদরা, বরগুনা।
৩. জনাব................................ সদস্য, প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কমিটি
৪. অফিস কপি

৬/১০/২১
উপজেলা শিক্ষা কর্মকর্তা ও
সদস্য সচিব, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
বরগুনা সদর, বরগুনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
বরগুনা সদর, বরগুনা।

পরিশিষ্ট 'ক'

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দ

স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ, বরগুনা সদও, বরগুনা। তারিখ: ০৬ অক্টোবর ২০২১, বুধবার

ক্রমিক	নাম	পদবি	স্বাক্ষর	মন্তব্য
০১.	জনাব মোসা: শামীমা সুলতানা মুন্নী, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পবিষদ, বরগুনা সদর।	সভাপতি		
০২.	জনাব এ্যাড. তানভির আহম্মদ সিদ্দিকী চেয়ারম্যান ২নং গৌরিচন্না ইউনিয়ন পরিষদ	সদস্য		
০৩.	জনাব মো: মনিরুজ্জামান চেয়ারম্যান ৪নং কেওড়াবুনিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য		
০৪.	জনাব মো: মোশাররফ হোসেন চেয়ারম্যান ৫নং আয়লা পাতাকাটা ইউনিয়ন পরিষদ	সদস্য		
০৫.	জনাব মোহাম্মদ আতিকুজ্জামান উপজেলা শিক্ষা অফিসার বরগুনা সদও, বরগুনা।	সদস্য সচিব		

বরগুনা সদর উপজেলা পরিষদ

বরগুনা সদর, বরগুনা।

নোটিশ

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৬ অক্টোবর ২০২১, বুধবা বেলা ১১:০০ ঘটিকায় উক্ত কমিটির সভা নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

সভায় সভাপতিত্ব করবেন জনাব সোহানা হোসেন ,মহিলা ভাইস চেয়ারম্যান, বরগুনা সদর উপজেলা পরিষদ, বরগুনা । নির্ধারিত তারিখ সময় ও স্থানে কমিটির সম্মানীত সকল সদস্যকে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচিঃ

(১) গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ;

(২) সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা;

(৩) বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ প্রসঙ্গে।

(৪) এসএমসি ও পিটিএ সক্রিয়করণ।বিবিধ।

উপজেলা শিক্ষা অফিসার

বরগুনা সদও, বরগুনা

ও

সদস্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নংঃ ৪৪৭/৮

তারিখঃ ৪/১০/২১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

(১) চেয়ারম্যান, উপজলো পরিষদ, বরগুনা সদর, বরগুনা।

(২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরগুনা সদর, বরগুনা

(৩) ভাইস চেয়ারম্যান ও সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, বরগুনা সদর, বরগুনা। ।

(৪) জনাব----------------------------------, চেয়ারম্যান,------------------ইউনিয়ন পরিষদ ও সদস্য প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, বরগুনা সদর, বরগুনা।

(৫) অফিস কপি।

৪/১০/২১

মোহাম্মদ শহিদুল ইসলাম

উপজেলা শিক্ষা অফিসার

বরগুনা সদর, বরগুনা।

ও

সদস্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি।